

আর্মি ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার
সাভার সেনানিবাস

নোটিশ

এআইবিএ/প্রোগ্রাম/১৬১


তারিখ: ২৬ এপ্রিল ২০২৬

রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষা প্রসঙ্গে

১। অত্র প্রতিষ্ঠানের বিবিএ প্রোগ্রামের যে সকল শিক্ষার্থী চলমান জানুয়ারি-জুন ২০২৬ সেমিস্টারে রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তারা আগামী ০৫ মে ২০২৬ তারিখের মধ্যে বিবিএ প্রোগ্রাম অফিসে রক্ষিত রেজিস্টারে নিজেদের নাম ও বিষয়ের নাম লিপিবদ্ধ করবেন। রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নে উল্লেখিত শর্তাবলী শিক্ষার্থীকে মেনে চলতে হবেঃ

- ক। শুধুমাত্র জুলাই-ডিসেম্বর ২০২৫ সেমিস্টারের পঠিত বিষয়ে রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- খ। জুলাই-ডিসেম্বর ২০২৫ সেমিস্টারের পূর্বে পঠিত কোন বিষয়ে রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- গ। নির্দিষ্ট বিষয়ে জিপিএ ৩.০০ এর নিচে হলে উক্ত বিষয়ে রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- ঘ। শুধুমাত্র সেমিস্টার ফাইনাল পরীক্ষার মান উন্নয়নের জন্য রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- ঙ। চলমান জানুয়ারি-জুন ২০২৬ সেমিস্টারে সর্বোচ্চ ০২ টি বিষয়ে রিপিট পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- চ। প্রতি বিষয়ে রিপিট পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য নির্ধারিত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করতে হবে।
- ছ। ০৫ মে ২০২৬ তারিখের পর রিপিট (ইমপ্রুভমেন্ট) পরীক্ষার জন্য কোন প্রকার এন্ট্রি গ্রহণ করা হবে না। এব্যাপারে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

২। বিষয়টি শিক্ষার্থীদের অবগতি এবং মেনে চলার জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।



মেজর মোঃ মিজানুর রহমান (অবঃ)
পক্ষে পরিচালক

বিতরণ:

কার্যক্রম:

সংশ্লিষ্ট শিক্ষার্থীবৃন্দ

হিসাব শাখা

নোটিশ বোর্ড

ওয়েবসাইট

হোয়াটসঅ্যাপ গ্রুপ